২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মইনউদ্দিন আহ্মদ**
যুগ্মসচিব।

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও টেলিযোগাযোগ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ : ০৮ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ/২২ মে ২০১৮ খ্রিস্টাব্দ

নং ১৪.০০.০০০০.০০৬.১৩.০২২.১৮-৯৪—বিসিএস (ডাক) ক্যাডারভুক্ত ডাক অধিদপ্তরের নিম্নোক্ত কর্মকর্তাদ্বয়কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাদের নামের পাশে উল্লিখিত পদে বদলি/পদায়ন করা হল :

১ জনাব মোহাম্মদ শহিদুল ইসলাম, পরিচালক (কর্মী ও সংস্থাপন), ডাক অধিদপ্তর, ঢাকা—পরিচালক (বেতন ও ভাতা), ডাক অধিদপ্তর, ঢাকা।

২ জনাব এস এম শাহাব উদ্দীন, পরিচালক (বেতন ও ভাতা), ডাক অধিদপ্তর, ঢাকা—পরিচালক (কর্মী ও সংস্থাপন), ডাক অধিদপ্তর, ঢাকা।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আবদুল হান্নান**
উপসচিব।

---

[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে]
**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**সওজ গেজেটেড সংস্থাপন শাখা**

প্রজ্ঞাপন

তারিখ : ১৪ মে ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৩৫.০০.০০০০.০২২.১৫.০৪১.১৬-৩৫৯—জনাব দেব দয়াল সরকার (৪০০৭১৭), নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), সওজ, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিক সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-এর এস.এস.সি সনদ অনুযায়ী জন্ম তারিখ ১৬-০৩-১৯৫৮ খ্রিস্টাব্দ। মুক্তিযোদ্ধা গণকর্মচারী হিসেবে ৬০ বছর পূর্তিতে তাঁর অবসর গমনের তারিখ ১৫-০৩-২০১৮ খ্রিস্টাব্দ। বর্ণিত কর্মকর্তাকে The Public Servants (Retirement) Act. 1974-এর 4A অনুযায়ী ১৫-০৩-২০১৮ তারিখ থেকে চাকরি হতে অবসর প্রদান করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোছাম্মাৎ ফারহানা রহমান**
উপসচিব।

---

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৬ মে ২০১৮ খ্রিস্টাব্দ

নং ৩৫.০০.০০০০.০২২.১৫.০৩৬.১৭-৩৬৭—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২২-০৬-২০১৮ তারিখের ৮০.১০১.০৩৬.০০.০০.০২২.২০১৬-১৭৯ সংখ্যক স্মারকের সুপারিশ মোতাবেক জনাব মোঃ জাহিদ হাসান (রেজিঃ নম্বর-১১২০২২), পিতা মোঃ হাবিবুর রহমান খান, মাতা-রেহানা খান, গ্রাম-আটিগাঁও, থানা-লৌহজং, জেলা-মুন্সীগঞ্জ-কে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনস্থ সড়ক ও জনপথ অধিদপ্তরে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৯ম গ্রেডভুক্ত ২২০০০-৫৩০৬০/- টাকা স্কেলে রাজস্ব খাতভুক্ত (স্থায়ী) "পরিসংখ্যানবিদ" পদে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো :

শর্তাবলি :

(ক) তাঁকে সরকার নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(খ) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(গ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন এবং শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঘ) চাকরিতে যোগদানের সময় তাঁকে একজন জামানতদারসহ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরি হতে ইস্তফা দেন, তবে প্রদত্ত বেতন-ভাতা এবং চাকরিকালে গৃহীত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ফেরত দিতে বাধ্য থাকবেন;

(ঙ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী অ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা-১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ছ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(জ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগে জমা দিতে হবে;

(ঝ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা পাবেন না।

২। উল্লিখিত শর্তাবলি তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ৩১-০৫-২০১৮ তারিখের মধ্যে এ বিভাগে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে ইচ্ছুক নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং ইহা তাঁর যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

**নং ৩৫.০০.০০০০.০২২.১২.০০১.১৬-৩৬৯**—সড়ক ও জনপথ অধিদপ্তরের নিম্নবর্ণিত তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল)কে নিম্নোক্ত শর্তে অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সিভিল) এর চলতি দায়িত্ব অর্পণপূর্বক তাঁর নামের পার্শ্বে বর্ণিত পদে বদলি/পদায়ন করা হল :

| ক্রম | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল | চলতি দায়িত্ব অর্পণপূর্বক পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|
| ০১ | আবদুর রেজ্জাক (০০০২৭২)<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী এইচডিএম সার্কেল, ঢাকা। | অতিরিক্ত নির্বাহী পরিচালক (টিএমপিটিআই) (অঃপ্রঃপ্রঃ, চলতি দায়িত্ব) ডিটিসিএ, ঢাকা (প্রেষণে)। |

**শর্তসমূহঃ**

(ক) চলতি দায়িত্ব পদোন্নতি হিসেবে গণ্য হবে না এবং ভবিষ্যতে এই সুবাদে পদোন্নতি দাবি করা যাবে না;

(খ) যে কোনো সময় কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ দায়িত্ব হতে অব্যাহতি দেয়া যেতে পারে; এবং

(গ) চলতি দায়িত্ব প্রদানের কারণে সংশ্লিষ্ট কর্মকর্তা নিয়ম অনুযায়ী চলতি দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন। ভবিষ্যতে পদোন্নতির ক্ষেত্রে নিয়োগবিধি অনুসারে শূন্য পদ পূরণ করা হলে, এ দায়িত্বের কারণে কোনোরূপ অগ্রগণ্যতা বা অধিকার অর্জিত হবে না।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৩৫.০০.০০০০.০২২.১৫.০০৭.১৮-৩৭০**—জনাব দুলাল কুমার প্রামানিক (৩০০৮৩৩), উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব), সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক উপ-বিভাগ-১, বরিশাল-কে The Public Servants (Retirement) Act. 1974-এর ৪ ধারা অনুযায়ী ০১-০৫-২০১৮ তারিখ হতে সরকারি চাকরি থেকে অবসর প্রদান করা হল।

০২। তিনি বিধি মোতাবেক অবসরজনিত আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোছাম্মাৎ ফারহানা রহমান**
উপসচিব।

**নন-গেজেটেড সংস্থাপন ও এনটিআর অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ মে ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৩৫.০০.০০০০.০৩০.১২.০০৫.১৬-১৭৮**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় এর ২৬-০৪-২০১৮ তারিখের ৮০.১০১.০১২. ১৪.৩৫.০১৬.২০১৭-১৪৭ সংখ্যক স্মারকের সুপারিশের পরিপ্রেক্ষিতে সড়ক ও জনপথ অধিদপ্তরের নিম্নবর্ণিত ০৯ (নয়) জন কর্মকর্তাকে উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) পদ হতে সহকারী প্রকৌশলী (সিভিল) পদে ২২০০০-৫৩০৬০/- টাকা স্কেলে (গ্রেড-৯, জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) পদোন্নতি প্রদান করা হলো :

| ক্রম | জ্যেষ্ঠতা নম্বর | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর ও জন্ম তারিখ |
|---|---|---|
| ১ | ১৪২ | মোহাম্মদ শাহ আলম (৩০০৫৩৪)<br>০১-১২-১৯৬২ |
| ২ | ১৮২ | মোঃ আবুল হোসেন (৬০১৭৮৬)<br>৩০-০১-১৯৬৫ |
| ৩ | ১৮৩ | মজিবুর রহমান-২ (৪০১৯০১)<br>২০-১২-১৯৬১ |
| ৪ | ১৮৪ | অমিয় চক্রবর্তী (১০০৭৭৬)<br>১৩-০৮-১৯৬০ |
| ৫ | ১৮৫ | মোঃ আতাউর রহমান (৬০১৮৭৯)<br>০১-০১-১৯৬৩ |
| ৬ | ১৮৬ | গৌরাঙ্গ চন্দ্র বর্মন (৩০০৭৭২)<br>০৭-০৩-১৯৬৪ |
| ৭ | ১৮৭ | মোঃ মোজাম্মেল হক-২ (৬০০৩৮৭)<br>০২-০৮-১৯৬৪ |
| ৮ | ১৮৮ | মোঃ আজিজুল হক-১ (১০০৯৫৯)<br>২৫-০৫-১৯৬২ |
| ৯ | ১৮৯ | মীর আব্দুল মান্নান (৩০১৫৮২)<br>১৬-১০-১৯৬২ |

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হুমায়ুন কবীর খোন্দকার**
যুগ্মসচিব।

---

**সওজ গেজেটেড সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ মে ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৩৫.০২২.০১৫.০০.০০.০০৩.১৯৯৯-৩৮৭**—সৈয়দ শহিদুন্নবী (০০০১৪৬), অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), সড়ক ও জনপথ অধিদপ্তর, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, ঢাকা-এর এস.এস.সি সনদ অনুযায়ী জন্ম তারিখ ২৭-০৫-১৯৫৯ খ্রিস্টাব্দ। সে মোতাবেক সরকারি চাকরিতে ৫৯ বছর পূর্তির তারিখ ২৬-০৫-২০১৮ খ্রিস্টাব্দ। বর্ণিত কর্মকর্তাকে The Public Servants (Retirement) Act. 1974-এর ৪ ধারা অনুযায়ী ২৬-০৫-২০১৮ তারিখ থেকে চাকরি হতে অবসর প্রদান করা হল।

০২। তাঁর অনুকূলে পাওনা ছুটির বিনিময়ে ২৭-০৫-২০১৮ হতে ২৬-০৫-২০১৯ তারিখ পর্যন্ত অবসর-উত্তর-ছুটি (পি.আর.এল) এবং ১৮(আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ থোক (ল্যাম্পগ্রান্ট) মঞ্জুর করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোছাম্মাৎ ফারহানা রহমান**
উপসচিব।

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**প্রাণিসম্পদ-৪ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ বৈশাখ ১৪২৫ বং/১০ মে ২০১৮ খ্রিঃ

নং ৩৩.০০.০০০০.১২০.৩৩.০০৮.১৮-১০৪—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২০-০৬-২০০৫ খ্রিঃ এর এস, আর, ও নং ১৮২-আইন/২০০৫/ সম/বিধি-১/এস-৯/২০০০ স্মারকে জারীকৃত 'উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ২০০৫' এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২৭-০১-২০১৫ খ্রিঃ এর ৮০.১০৮.০৩২.০৩.৩৩.০৩৪.২০১৪-২৩ সংখ্যক পত্রের সুপারিশের পরিপ্রেক্ষিতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়াধীন প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "দ্বিতীয় পশুসম্পদ উন্নয়ন" শীর্ষক সমাপ্ত প্রকল্প হতে ০১-০৭-১৯৯৫ খ্রিঃ অস্থায়ীভাবে রাজস্ব বাজেটে স্থানারিত পদের নিম্নবর্ণিত ১ম শ্রেণির ১ (এক) জন কর্মকর্তার চাকরি তার নাম, পদবি, বর্তমান কর্মস্থল এবং সুপারিশকৃত পদের নাম উল্লেখপূর্বক নিয়মিতকরণে নির্দেশক্রমে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | বর্তমান কর্মস্থল | সুপারিশকৃত পদের নাম |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ মতিউর রহমান<br>সহকারী প্রকৌশলী | প্রাণিসম্পদ অধিদপ্তর, খামার বাড়ি সড়ক, ফার্মগেট, ঢাকা। | সহকারী প্রকৌশলী |

২। উল্লিখিত কর্মকর্তার জ্যেষ্ঠতা প্রকল্পের চাকরিকাল, বেতন, ছুটি, পেনশন ও অন্যান্য আনুষঙ্গিক সুবিধাদি নির্ধারণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের (বিধি-১ শাখা) কর্তৃক ২০-০৬-২০০৫ তারিখে জারীকৃত 'উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা, ২০০৫' প্রযোজ্য হবে।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নিগার সুলতানা**
উপসচিব (প্রাস-২)।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ জৈষ্ঠ্য ১৪২৫ বং/২৩ মে ২০১৮ খ্রিঃ

নং ৩৩.০১.০০০০.১২০.১৫.০১০.১৮-১০৯—মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত 'সমন্বিত গবাদিপশু হাঁস-মুরগি উন্নয়ন' শীর্ষক সমাপ্ত প্রকল্প হতে অস্থায়ীভাবে রাজস্ব বাজেটে স্থানান্তরিত ১ম শ্রেণির নিম্নবর্ণিত ০৩ (তিন) জন নন-ক্যাডার কর্মকর্তার চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনার লক্ষ্যে যে সকল শর্তাবলি প্রতিপালন করা আবশ্যক সে সকল শর্তাবলি যথাযথভাবে প্রতিপালন করায় তাঁদের নামের পার্শ্বে বর্ণিত তারিখ হতে চাকরি ভূতাপেক্ষভাবে স্থায়ী করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবি, বর্তমান কর্মস্থল ও জন্ম তারিখ | উন্নয়ন প্রকল্পে যোগদানের তারিখ | উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরের তারিখ | চাকরি স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|---|
| ১। | জনাব ডাঃ মোঃ আজিজুর রহমান<br>সহকারী পরিচালক<br>পরিচালক উৎপাদনের দপ্তর<br>প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।<br>(পিআরএল ভোগরত)।<br>জন্ম তারিখ : ০৮-০৫-১৯৫৮ খ্রিঃ | ১৪-১১-১৯৯১ খ্রিঃ | ০১-০৬-১৯৯২ খ্রিঃ | ০১-০৬-১৯৯২ খ্রিঃ |
| ২। | জনাব নাছিম আরা হক<br>হাঁস-মুরগি উন্নয়ন কর্মকর্তা<br>আঞ্চলিক হাঁস-মুরগি খামার,<br>পাহাড়তলী, চট্টগ্রাম।<br>(প্রেষণে সরকারি হাঁস-মুরগি খামার, রংপুর)<br>জন্ম তারিখ : ০১-০৩-১৯৬৩ খ্রিঃ | ২১-০৯-১৯৯১ খ্রিঃ | ০১-০৬-১৯৯২ খ্রিঃ | ০১-০৬-১৯৯২ খ্রিঃ |
| ৩। | জনাব মোঃ আলতাফুর রহমান<br>উপসহকারী প্রকৌশলী (তড়িৎ)<br>কেন্দ্রীয় মুরগি খামার, মিরপুর, ঢাকা<br>জন্ম তারিখ : ০১-০১-১৯৬২ খ্রিঃ | ১৯-১১-১৯৮৯ খ্রিঃ | ০১-০৬-১৯৯২ খ্রিঃ | ০১-০৬-১৯৯২ খ্রিঃ |

২। জনস্বার্থে এই আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**অসীম কুমার বালা**
যুগ্মসচিব।

[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত]
**কৃষি মন্ত্রণালয়**
**গবেষণা-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ মাঘ ১৪২৪/২৩ জানুয়ারি ২০১৮

নং **১২.০০.০০০০.০৬৪.১৩.০০২.১৭.১৬**—কৃষি মন্ত্রণালয়ের অধীন তুলা উন্নয়ন বোর্ডের জনাব নূর মোহাম্মদ, সিনিয়র জিনিং কর্মকর্তা (চঃদাঃ), খামাড়বাড়ি, ঢাকা (মূল পদ-আঁশ প্রযুক্তিবিদ)-এর এসএসসি সনদে বর্ণিত জন্ম তারিখ ০৫ মার্চ ১৯৫৯ খ্রি অনুযায়ী আগামী ০৪ মার্চ ২০১৮ তারিখ তার বয়স ৫৯ (ঊনষাট) বছর পূর্ণ হওয়ায় তাঁর অনুকূলে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০(৩) অনুচ্ছেদ অনুযায়ী ০৫ মার্চ ১৯১৮ খ্রিঃ থেকে ০৪ মার্চ ২০১৯ খ্রিঃ মেয়াদে ০১ (এক) বছর অবসর উত্তর ছুটি ও ছুটি পাওনা সাপেক্ষে ১৮(আঠারো) মাসের ছুটি নগদায়নের সুবিধা (শেষ বেতনের ভিত্তিতে) মঞ্জুর করা হলো।

০২। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আল মামুন**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ জ্যৈষ্ঠ ১৪২৫/২৭ মে ২০১৮

নং **১২.০৬৪.০০০০.০৭.১২.০১.২০১৩-১৪৭**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ৩০-০৪-২০১৮ তারিখের ৮০.০০.০০০০.১০৮.১২.০১৪.১৮-১০১ সংখ্যক পত্রের সুপারিশক্রমে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন তুলা উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত ০৭ (সাত) জন ‘কটন ইউনিট অফিসার’-কে ২য় শ্রেণির ‘সহকারী বীজতুলা সংগ্রহ ও জিনিং কর্মকর্তা’ পদে পদোন্নতি প্রদান করা হলো :

| ক্রমিক | গ্রেডেশন নং | নাম, পদবি ও কার্যালয় |
|---|---|---|
| ১. | ০১. | জনাব মোঃ মুজিবুর রহমান |
| ২. | ০২. | জনাব পরিতোষ কুমার জোদ্দার |
| ৩. | ০৩. | জনাব মোঃ শামছুল হক সরকার |
| ৪. | ০৪. | জনাব মোঃ নজরুল ইসলাম |
| ৫. | ০৫. | জনাব মোঃ কবির হাসান |
| ৬. | ০৬. | জনাব মোঃ নুরুল ইসলাম |
| ৭. | ০৭. | জনাব মোঃ গোলাম মোস্তফা |

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আল মামুন**
উপসচিব।

---

**সম্প্রসারণ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ জ্যৈষ্ঠ ১৪২৫/২৩ মে ২০১৮

নং **১২.০০.০০০০.০৫৩.১৩.০২৪.১৮/১৮৫**—জনাব মোঃ আব্দুল হান্নান (পরিচিতি নং-১১৭৯), পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-এর জন্ম তারিখ : ০১-০৬-১৯৫৯ অনুযায়ী ৫৯ বছর পূর্তিতে গণকর্মচারী অবসর (সংশোধনী) আইন, ১৯৭৪ এবং অর্থ বিভাগের প্রবিধি অনুবিভাগের ০৬-০৪-২০১০ তারিখের অম/অবি-প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০(অংশ-৩)/৬২ নং প্রজ্ঞাপন মোতাবেক তাঁকে ৩১-০৫-২০১৮ তারিখে অবসর প্রদান পূর্বক ০১-০৬-২০১৮ হতে ৩১-০৫-২০১৯ পর্যন্ত পূর্ণ গড় বেতনে ১ (এক) বছর অবসর-উত্তর ছুটি (Post Retirement Leave) মঞ্জুর করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পরিতোষ হাজরা**
উপসচিব।

## যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
## ক্রীড়া-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২৮ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ/১১ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৩৪.০০.০০০০.০৮০.১২.০০২.১০.১০৪**—যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের বিভাগীয় পদোন্নতি কমিটির ১৪-০৩-২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশের আলোকে ক্রীড়া পরিদপ্তরের নিয়ন্ত্রণাধীন জেলা ক্রীড়া কর্মকর্তা, দিনাজপুর, জনাব মোঃ বেলাল উদ্দিন মন্ডল-কে ক্রীড়া পরিদপ্তরের উপপরিচালক পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর টাকা ৩৫,৫০০-৬৭,০১০/- (৬ষ্ঠ গ্রেডে) পদোন্নতি প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোরশেদা আখ্‌তার**
সিনিয়র সহকারী সচিব।

---

## কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
## শিক্ষা মন্ত্রণালয়
## শাখা-১ (প্রশাসন ও অর্থ)

### প্রজ্ঞাপন

তারিখ : ৩১ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/১৪ মে ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৫৭.০০.০০০০.০৬১.১৮.১৩.২০১৬-৪৬০**—শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্থায়ী পদের বিপরীতে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত নিম্নবর্ণিত কর্মকর্তার শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ায় এবং তাঁর সার্ভিস রেকর্ড সন্তোষজনক হওয়ায় 'বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা ও নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪'-এর ৬(১)(ক) ও ৬(৩)(ক) বিধির শর্তাদি পূরণ করার প্রেক্ষিতে নিম্নোক্ত কর্মকর্তার নামের পার্শ্বে উল্লিখিত পদ ও তারিখের চাকুরী স্থায়ী (Confirm) করা হলো।

| ক্র: নং | নাম ও পদবি | স্থায়ীকরণের পদ | যোগদানের তারিখ | চাকুরী স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ ফিরোজ, ব্যক্তিগত কর্মকর্তা | ব্যক্তিগত কর্মকর্তা | ২৮-০৪-২০১৬ | ২৮-০৪-২০১৬ |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এবং জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হল।

**সৈয়দ আসগর আলী**
সহকারী সচিব।

---

## পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
## পরিকল্পনা মন্ত্রণালয়
## প্রশাসন-১ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ০২ বৈশাখ ১৪২৫/১৫ এপ্রিল ২০১৮

**নং ৫২.০০.০০০০.০০৫.১২.৩১৫.৯৬-১৮৫**—বিসিএস (পরিসংখ্যান) ক্যাডারে নিম্নোক্ত ৮ (আট) জন পরিসংখ্যান কর্মকর্তা-কে উপ-পরিচালক (ক্যাডার) পদে (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড-৬, টাকা ৩৫,৫০০-৬৭,০১০/- টাকা) পদোন্নতি প্রদান করা হল :

| ক্রঃ নং | কর্মকর্তার নাম, পদবি ও বর্তমান কর্মস্থল |
|---|---|
| ০১. | জনাব ইমরান হোসেন প্রধান, পরিসংখ্যান কর্মকর্তা, জেলা পরিসংখ্যান কার্যালয়, লালমনিরহাট। |
| ০২. | জনাব মোহাম্মদ হাফিজুর রহমান, পরিসংখ্যান কর্মকর্তা, জেলা পরিসংখ্যান কার্যালয়, বগুড়া। |
| ০৩. | বেগম ইসরাত জাহান নাছরিন, পরিসংখ্যান কর্মকর্তা, ন্যাশনাল একাউন্টিং, উইং। |
| ০৪. | জনাব মোঃ শাহ আলম, পরিসংখ্যান কর্মকর্তা, জেলা পরিসংখ্যান কার্যালয়, পাবনা। |
| ০৫. | জনাব মাকসুদুর রহমান, পরিসংখ্যান কর্মকর্তা, জেলা পরিসংখ্যান কার্যালয়, পিরোজপুর। |
| ০৬. | জনাব মোঃ রেজাউল করিম, পরিসংখ্যান কর্মকর্তা, জেলা পরিসংখ্যান কার্যালয়, গোপালগঞ্জ। |
| ০৭. | নন্দিনী দেব, পরিসংখ্যান কর্মকর্তা, জেলা পরিসংখ্যান কার্যালয়, মৌলভীবাজার। |
| ০৮. | বেগম ফারহানা সুলতানা, পরিসংখ্যান কর্মকর্তা, জেলা পরিসংখ্যান কার্যালয়, মাগুরা। |

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবুল বাশার**
উপসচিব।

**স্বাস্থ্য সেবা বিভাগ**

**পার-২ অধিশাখা**

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৪ মে ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৪৫.১৪৩.০৮০.০১.০০.০০১.২০১৭-২৬৮**—সুপিরিয়র সিলেকশন বোর্ডের সুপারিশকৃত এবং বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের পরিচালক/সমমান পদে পদোন্নতি প্রাপ্ত নিম্নোক্ত ১৪ (চৌদ্দ) জন কর্মকর্তাকে নিম্নরূপভাবে তাঁদের নামের পাশে বর্ণিত পদ ও কর্মস্থলে বদলি/পদায়ন করা হ'ল :

০১। ডাঃ খালেদা ইসলাম (৩৬৩৩৬), পরিচালক (চঃদাঃ), পিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা—ডাঃ খালেদা ইসলাম (৩৬৩৩৬), পরিচালক, পিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

০২। ডাঃ শের মোস্তফা সাদিক খান (৩৩০৬৫), পরিচালক (চঃদাঃ), ন্যাশনাল এইডস্ এন্ড এসটিডি কন্ট্রোল (এনএএসসি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা—পরিচালক, ন্যাশনাল এইডস্ এন্ড এসটিডি কন্ট্রোল (এনএএসসি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

০৩। ডাঃ মোঃ সাদেকুল ইসলাম (৩৩৬৫১), উপপরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ, হাসপাতাল, রাজশাহী— বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, (পরিচালক), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

০৪। ডাঃ মোঃ আব্দুস সালাম (৩৩৬৩৪), যুগ্ম-পরিচালক (পরিচালক সমমান) (চঃদাঃ), জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পূনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর), ঢাকা—যুগ্ম-পরিচালক (পরিচালক সমমান), জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পূনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর), ঢাকা।

০৫। ডাঃ খাজা আব্দুল গফুর (৩৩০৫৪) পরিচালক (চঃদাঃ), (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা—পরিচালক (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

০৬। ডাঃ বুসেলী হক (৩৫৮৮০), পরিচালক (পরিকল্পনা ও গবেষণা) (চঃদাঃ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা— পরিচালক (পরিকল্পনা ও গবেষণা) ও লাইন ডাইরেক্টর, প্ল্যানিং, মনিটরিং এন্ড রিসার্চ (পিএমআর), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

০৭। ডাঃ মোঃ তৌফিক উদ্দিন (৩৩২৯৯), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা—বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, (পরিচালক), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

০৮। ডাঃ মোঃ হারুন অর রশীদ (৩৭২৫২), মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (চঃদাঃ) (সিএসও) (মেডিকেল এন্টোমোলজী), আইইডিসিআর, মহাখালী, ঢাকা—মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (সিএসও) (মেডিকেল এন্টোমোলজী), আইইডিসিআর, মহাখালী, ঢাকা।

০৯। ডাঃ মোঃ মাহবুবুর রহমান (৩৪৯৭৮), পরিচালক (স্বাস্থ্য) (চঃদাঃ), বরিশাল বিভাগ, বরিশাল—পরিচালক (স্বাস্থ্য), বরিশাল বিভাগ, বরিশাল।

১০। ডাঃ মোঃ আব্দুল কাদির (৩৫০৬১) উপপরিচালক, শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল— বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, (পরিচালক), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১১। ডাঃ মোঃ সোহরাওয়ার্দী (৩৫৪৭৫), উপপরিচালক, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা—বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, (পরিচালক), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১২। ডাঃ মোঃ আনিসুর রহমান (৩৩৪৬০) পরিচালক (চঃদাঃ), রাজশাহী বিভাগ রাজশাহী—পরিচালক, রাজশাহী বিভাগ, রাজশাহী।

১৩। ডাঃ শহিদ মোঃ সাদিকুল ইসলাম (৩০৫৯৩), পরিচালক (চঃদাঃ), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা—বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, (পরিচালক), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১৪। ডাঃ মোঃ আবদুল গণি (৩৮৬৫৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা—বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, (পরিচালক), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

২। বদলিকৃত কর্মকর্তাগণ এ আদেশ জারির পর থেকে ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে পদায়নকৃত কর্মস্থলে যোগদান করবেন। অন্যথায় ০৮ (আট) কর্ম দিবসে বর্তমান কর্মস্থল থেকে তাৎক্ষণিক অব্যহতি (Stand Release) মর্মে গণ্য হবেন।

৩। এই আদেশ জনস্বার্থে জারি করা হল।

**নং ৪৫.১৪৩.০৮০.০১.০০.০০১.২০১৭-২৬৭**—সুপিরিয়র সিলেকশন বোর্ডের সুপারিশকৃত এবং মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক ফিডার পদে চাকরি অভিজ্ঞতা প্রমার্জনকৃত নিম্নোক্ত ১৪ (চৌদ্দ) জন কর্মকর্তাকে (জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৩য় গ্রেড টাকা ৫৬,৫০০-৭৪,৪০০/- বেতনক্রমে পরিচালক/সমমান পদে পদোন্নতি প্রদান করা হল :

| ক্রমিক | কর্মকর্তার নাম, কোড, পদবি, বর্তমান কর্মস্থল |
|---|---|
| ১ | ডাঃ খালেদা ইসলাম (৩৬৩৩৬), পরিচালক (চঃদাঃ), পিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। |
| ২ | ডাঃ শের মোস্তফা সাদিক খান (৩৩০৬৫), পরিচালক (চঃদাঃ), ন্যাশনাল এইডস্ এন্ড এসটিডি কন্ট্রোল (এনএএসসি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। |
| ৩ | ডাঃ মোঃ সাদেকুল ইসলাম (৩৩৬৫১), উপপরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ, হাসপাতাল, রাজশাহী। |
| ৪ | ডাঃ মোঃ আব্দুস সালাম (৩৩৬৩৪), যুগ্ম-পরিচালক (পরিচালক সমমান) (চঃদাঃ), জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর), ঢাকা। |
| ৫ | ডাঃ খাজা আব্দুল গফুর (৩৩০৫৪) পরিচালক (চঃদাঃ), (অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। |
| ৬ | ডাঃ রুসেলী হক (৩৫৮৮০), পরিচালক (পরিকল্পনা ও গবেষণা) (চঃদাঃ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। |
| ৭ | ডাঃ মোঃ তৌফিক উদ্দিন (৩৩২৯৯), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। |
| ৮ | ডাঃ মোঃ হারুন অর রশীদ (৩৭২৫২), মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (চঃদাঃ) (সিএসও) (মেডিকেল এন্টোমোলজী), আইইডিসিআর, মহাখালী, ঢাকা। |
| ৯ | ডাঃ মোঃ মাহবুবুর রহমান (৩৪৯৭৮), পরিচালক (স্বাস্থ্য) (চঃদাঃ), বরিশাল বিভাগ, বরিশাল। |
| ১০ | ডাঃ মোঃ আব্দুল কাদির (৩৫০৬১) উপপরিচালক, শেরেবাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল। |
| ১১ | ডাঃ মোঃ সোহরাওয়ার্দী (৩৫৪৭৫), পরিচালক, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। |
| ১২ | ডাঃ মোঃ আনিসুর রহমান (৩৩৪৬০) পরিচালক (চঃদাঃ), রাজশাহী বিভাগ রাজশাহী। |
| ১৩ | ডাঃ শহিদ মোঃ সাদিকুল ইসলাম (৩০৫৯৩), পরিচালক (চঃদাঃ), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। |
| ১৪ | ডাঃ মোঃ আবদুল গণি (৩৮৬৫৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। |

২। পদোন্নতিপ্রাপ্ত যে সকল কর্মকর্তা লিয়েন/প্রেষণ/ট্রেনিং/ ছুটিতে আছেন সে সকল কর্মকর্তা লিয়েন/প্রেষণ/ট্রেনিং/ছুটি শেষে কর্মস্থলে যোগদানের পর এ পদোন্নতি কার্যকর হবে।

৩। এই আদেশ জনস্বার্থে জারি করা হল।

**নং ৪৫.১৪৩.০৮০.০১.০০.০০১.২০১৭-২৬৯**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পাশে বর্ণিত পদ ও কর্মস্থলে বদলি/পদায়ন করা হল :

ডাঃ মোঃ রওশন আনোয়ার (৩৪৪৯৫), পরিচালক (স্বাস্থ্য), খুলনা বিভাগ, খুলনা—পরিচালক (পিএইচসি), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আগামী ১৮-০৫-২০১৮ খ্রিঃ তারিখ হতে আদেশ কার্যকর হবে)।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ কে এম ফজলুল হক**
যুগ্মসচিব (পার-২)।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পরিকল্পনা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ মে ২০১৮

**নং ৪৬.০৯৪.০০১.০১.০০.৭৬.২০১৭-২৬০**—ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের "ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের আওতাধীন নবসংযুক্ত নাসিরাবাদ, দক্ষিণগাঁও, ডেমরা ও মান্ডা এলাকার সড়ক অবকাঠামো ও ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে জনাব তানভীর আহমদ, নির্বাহী প্রকৌশলী, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনকে নির্দেশক্রমে নিয়োগ প্রদান করা হল।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খন্দকার মুদাচ্ছির বিন আলী**
সিনিয়র সহকারী প্রধান।

## জেলা পরিষদ অধিশাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ২৭ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/১০ মে ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৪৬.০৪২.০১৯.০১.০০.০০১.২০১৪-৬৭৩**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে বর্ণিত জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে পদায়ন করা হলো :

| ক্রঃ নং | নাম, পদবি ও কর্মস্থল | পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|
| ১. | জনাব মোঃ মানিকহার রহমান (৬৭৭০)<br>অতিরিক্ত জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি<br>(জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে পদায়নের জন্য স্থানীয় সরকার বিভাগে ন্যস্ত)। | প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ, বরিশাল। |
| ২. | জনাব মোঃ নাজমুল হুদা (১৫৬০১)<br>ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, রংপুর<br>(জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে পদায়নের জন্য স্থানীয় সরকার বিভাগে ন্যস্ত)। | প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ, রংপুর। |

২। এ নিয়োগ/পদায়নের শর্তাবলি নিম্নরূপ হবে :

(ক) বেতন : জেলা পরিষদ হতে নিজস্ব বেতনক্রম অনুযায়ী বেতন-ভাতাদি গ্রহণ করবেন;

(খ) ভাতা ও অন্যান্য সুবিধাদি : তার পদের সাথে সম্পৃক্ত ভাতা ও সুবিধাদি পাবেন;

(গ) প্রযোজ্য সকল বাধ্যতামূলক চাঁদা যথা : প্রভিডেন্ট ফান্ড, কল্যাণ তহবিল, যৌথবীমা ইত্যাদি প্রদান করবেন; এবং

(ঘ) জেলা পরিষদ কোন বাসস্থান প্রদান করলে সেক্ষেত্রে কোন বাড়ী ভাড়া ভাতা গ্রহণ করতে পারবেন না।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ৩১ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ/১৪ মে ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৪৬.০৪২.০১৯.০১.০০.০০১.২০১৪-৬৯৫**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ ফজলুল কবীর (৫৯৬২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়কে (জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে পদায়নের জন্য স্থানীয় সরকার বিভাগে ন্যস্তকৃত) নীলফামারী, জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে পদায়ন করা হলো।

২। এ নিয়োগ/পদায়নের শর্তাবলি নিম্নরূপ হবে :

(ক) বেতন : জেলা পরিষদ হতে নিজস্ব বেতনক্রম অনুযায়ী বেতন-ভাতাদি গ্রহণ করবেন;

(খ) ভাতা ও অন্যান্য সুবিধাদি : তার পদের সাথে সম্পৃক্ত ভাতা ও সুবিধাদি পাবেন;

(গ) প্রযোজ্য সকল বাধ্যতামূলক চাঁদা যথা : প্রভিডেন্ট ফান্ড, কল্যাণ তহবিল, যৌথবীমা ইত্যাদি প্রদান করবেন; এবং

(ঘ) জেলা পরিষদ কোন বাসস্থান প্রদান করলে সেক্ষেত্রে কোন বাড়ী ভাড়া ভাতা গ্রহণ করতে পারবেন না।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ এরশাদুল হক**
উপসচিব।